



ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

আইএসএমডি সার্কুলার লেটার নং-৪

তারিখ : ২৮ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Integrated Supervision System (ISS)-এ তথ্য দাখিল সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ০৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে জারীকৃত আইএসএমডি সার্কুলার নং-১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-২.১ এ ব্যাংকগুলোর প্রধান কার্যালয়কে সকল শাখা থেকে প্রাপ্ত ত্রৈমাসিক সিএল বিবরণী (ফরম-১ থেকে ৫) এক্সেল ফরম্যাটে প্রস্তুতকরত সফটকপি পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে সিডি/ডিভিডি এর মাধ্যমে এ বিভাগে দাখিলের নির্দেশনা রয়েছে।

৩। এক্ষেত্রে, যাচিত তথ্যের সফটকপি পরবর্তী মাসের শেষ দিবস (শেষ দিবস ছুটি থাকলে পরবর্তী কর্মদিবস) এর মধ্যে সিডি/ডিভিডি মারফত এ বিভাগে দাখিল করতে হবে।

৪। আইএসএমডি সার্কুলার নং-১/২০২০ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মজিবুর রহমান শেখ)

পরিচালক (আইএসএমডি)

ফোন : ৫৭১৬৫৯০১